দৈনিক সংবাদ

তারিখ 01 DEC 1995
পৃষ্ঠা ২ কলাম ৫

29

প্রাথমিক শিক্ষক নিয়োগ

# তালিকা হবে ১১ হাজার জনের, পরীক্ষা দিচ্ছেন তিন লাখ

॥ সালাম জুবায়ের ॥

আজ শুক্রবার সারাদেশে প্রাথমিক শিক্ষক পদে নিয়োগের জন্য নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। সারাদেশে প্রায় সোয়া তিন লাখ চাকরিপ্রার্থী এই নির্বাচনী পরীক্ষায় অংশ নিচ্ছেন বলে জানা গেছে। পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্য থেকে ৬ হাজারজনকে শিক্ষক হিসেবে নিয়োগ

নিয়োগ ঃ পৃঃ ৭ কঃ ৩

## নিয়োগ ঃ তিন লাখ

(১ম পৃষ্ঠার পর)

করার জন্য সংস্থাপন মন্ত্রণালয় থেকে অনুমোদন দেয়া হয়েছে বলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানায়। এছাড়াও ভবিষ্যতে শূন্যপদে নিয়োগের জন্য নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্য থেকে প্রায় ৫ হাজার প্রার্থীর একটি তালিকা তৈরি করা হবে। জানা গেছে, সারাদেশে প্রতিমাসে শতাধিক প্রাথমিক শিক্ষকের পদ খালি হয়। অবসরগ্রহণ, চাকরি ছেড়ে দেয়া এবং মৃত্যুজনিত কারণে পদসমূহ শূন্য হয় বলে একটি সূত্র জানায়।

আজ যে নির্বাচনী পরীক্ষা হচ্ছে তার জন্য গত জুন ও জুলাই মাসে আবেদনপত্র জমা নেয়া হয় জেলা ভিত্তিতে। সারাদেশে প্রায় ৪ লাখ প্রার্থী আবেদন করেছেন বলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সূত্রে জানা গেছে। প্রতিজন আবেদনকারীর কাছ থেকে ৫০ টাকা করে ফি নেয়া হয়েছে। এক্ষেত্রে সরকারের আয় হয়েছে প্রায় দুই কোটি টাকা।

নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণদের কয়েক মাসের মধ্যে শূন্যপদে নিয়োগদান সম্ভব হবে বলে সূত্রটি জানায়।